১৫। বিদ্যালয়ের মোট শিক্ষক ও কর্মচারীর পূর্ণ বিবরণ :

| ক্রঃ নং | শিক্ষক/কর্মচারীদের নাম ও পদবী | শিক্ষাগত যোগ্যতা | নিয়োগের তারিখ | যোগদানের তারিখ | N.T.R.CA- এর সনদপ্রাপ্ত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | মোঃ গোলাম কিবরিয়া<br>প্রধান শিক্ষক | দাখিল-২য়-১৯৯১ ইং<br>আলিম-১ম-১৯৯৬ ইং<br>বি.এ-২য়-১৯৯৯ ইং<br>এম.এস.এস-২য়-২০০৬ ইং<br>বি.এড-২.৯৪-২০০৭ ইং | ২৩/০৬/২০০১ | ২৫/০৬/২০০১ | প্রজ্ঞাপন জারীর পূর্বে নিয়োগপ্রাপ্ত। | |
| ২। | মোছাঃ আম্মায়ারা খাতুন<br>সহকারী শিক্ষক (বাংলা) | দাখিল-৩য়-১৯৯২ ইং<br>এইচ.এস.সি-২য়-১৯৯৪ ইং<br>বি.এ-২য়-১৯৯৬ ইং | ২০/০৮/২০০০ | ২৫/০৮/২০০০ | প্রজ্ঞাপন জারীর পূর্বে নিয়োগপ্রাপ্ত। | |
| ৩। | মোঃ মাসুদ রানা<br>সহকারী শিক্ষক<br>(ইসলাম ধর্ম) | দাখিল-১ম-১৯৯৪ ইং<br>আলিম-২য়-১৯৯৬ ইং<br>ফাজিল-২য়-১৯৯৮ ইং<br>কামিল-২য়-২০০১ ইং | ২৩/০৬/২০০১ | ২৮/০৬/২০০১ | প্রজ্ঞাপন জারীর পূর্বে নিয়োগপ্রাপ্ত। | |
| ৪। | মোঃ গোলাম রব্বানী<br>সহকারী শিক্ষক (গণিত) | এস.এস.সি-২য়-১৯৯৭ ইং<br>এইচ.এস.সি-২য়-১৯৯৯ ইং<br>বি.এস.সি-২য়-২০০১ ইং | ২৫/০৩/২০০৩ | ৩০/০৩/২০০৩ | প্রজ্ঞাপন জারীর পূর্বে নিয়োগপ্রাপ্ত। | |
| ৫। | মোঃ গওছুল আযম<br>সহকারী শিক্ষক<br>(শরীরচর্চা) | এস.এস.সি-২য়-১৯৮৮ ইং<br>এইচ.এস.সি-২য়-১৯৯৫ ইং<br>বি.এস.সি-৩য়-১৯৯৮ ইং<br>বি.পি.এড-২য়-২০০১ ইং | ২০/০৮/২০০০ | ২৫/০৮/২০০০ | প্রজ্ঞাপন জারীর পূর্বে নিয়োগপ্রাপ্ত। | |
| ৬। | মোঃ কোরবান আলী<br>সহকারী শিক্ষক<br>(কৃষি) | এস.এস.সি-২য়-১৯৯১ ইং<br>এইচ.এস.সি-২য়-১৯৯৪ ইং<br>বি.এস.সি-৩য়-১৯৯৬ ইং | ০৩/০৫/২০১১ | ০৬/০৫/২০১১ | N.T.R.CA- এর সনদপ্রাপ্ত | |
| ৭। | অমর কুমার মন্ডল<br>সহকারী শিক্ষক<br>(হিন্দু ধর্ম) | এস.এস.সি-২য়-১৯৯৪ ইং<br>এইচ.এস.সি-২য়-১৯৯৯ ইং<br>বি.এস.এস-২য়-২০১১ ইং | ০৪/০১/২০১৫ | ০৭/০১/২০১৫ | N.T.R.CA- এর সনদপ্রাপ্ত | |
| ৮। | মোঃ আবু তালেব<br>অফিস সহকারী | এস.এস.সি-২য়-১৯৮৭ ইং<br>এইচ.এস.সি-২য়-১৯৮৯ ইং | ২০/০৮/২০০০ | ২৫/০৮/২০০০ | প্রযোজ্য নহে | |
| ৯। | মোছাঃ ফাইমা<br>আয়া | অষ্টম শ্রেণি পাস | ২০/০৮/২০০০ | ২৫/০৮/২০০০ | প্রযোজ্য নহে | |
| ১০। | মোঃ সিয়াম হোসেন<br>নৈশ্য প্রহরী | দাখিল-২.৪৪-২০১২ ইং | ১২/০৭/২০১৯ | ১৫/০৭/২০১৯ | প্রযোজ্য নয় | |

এই পরিদর্শন প্রতিবেদনটি রাজশাহী শিক্ষা বোর্ডের **www.rajshahieducationboard.gov.bd** ওয়েব সাইটে দেয়া হয়েছে।

অপর পাতায় ...........

online copy

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী।

স্মারক নম্বর ১।প্রশা/পার/৮৮২ তারিখ ঃ ০২/০২/২০২১

প্রেরক ঃ চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক ঃ সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

দৃষ্টি আকর্ষণ ঃ উপসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**বিষয় ঃ পাবনা জেলার সদর উপজেলাধীন আব্দুর রব (বগা মিয়া) স্কুল ও কলেজ নামে নতুন প্রতিষ্ঠান স্থাপন-এর অনুমতি প্রদানের লক্ষ্যে চাহিদা মোতাবেক পরিদর্শন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র ঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০৫৩.১৭.৪২১ তারিখ ঃ ১০/১২/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে পাবনা জেলার সদর উপজেলাধীন আব্দুর রব (বগা মিয়া) স্কুল এন্ড কলেজ স্থাপনের যথার্থতা যাচাই এর লক্ষ্যে রাজশাহী শিক্ষা বোর্ডের বিদ্যালয় পরিদর্শক সরেজমিন বিদ্যালয়টি পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদনে উপস্থাপিত ছক মোতাবেক বিভিন্ন তথ্যাদির আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত তা অগ্রায়ন করা হলো।

2.2.21

(প্রফেসর ড. মোহা. মোকবুল হোসেন)
আই ডি নং- ৪৩৫৪
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী
ফোন ঃ ০৭২১-৭৭৬২৭০ (পি.এস)

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

## ছক - (ক)
## বিদ্যালয় স্থাপনের অনুমতি প্রদান
## পরিদর্শন ছক

বিদ্যালয়ের নাম (প্রস্তাবিত) : **আব্দুর রব (বগা মিয়া) স্কুল এন্ড কলেজ**

বিদ্যালয়ের ঠিকানা : ডাকঘর : পাবনা, উপজেলা : পাবনা সদর, জেলা : পাবনা

পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী : প্রফেসর দেবাশীষ রঞ্জন রায়
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

পরিদর্শনের তারিখ : ০৯/০১/২০২১ খ্রিঃ

| ক্র: নং | বিষয় | নীতিমালা অনুযায়ী পূরণীয় শর্তসমূহ | বিদ্যালয়ের বর্তমান অবস্থার বর্ণনা | শর্ত পূরণ হয়েছে কি না এ সম্পর্কে মতামত |
|---|---|---|---|---|
| ১. | প্রস্তাবিত বিদ্যালয়ের অবস্থান (মহানগর/পৌর ও শিল্প এলাকা/মফস্বল) | | পৌর এলাকায় অবস্থিত। | শর্ত পূরণকৃত |
| ২. | বিদ্যালয়ের চতুর্দিকে বিদ্যমান নিকটতম বিদ্যালয়সমূহের নাম ও দূরত্ব | | দিক / বিদ্যালয়ের নাম / প্রস্তাবিত বিদ্যালয়ের অবস্থান হতে দূরত্ব<br>উত্তর / মালঞ্চি উচ্চ বিদ্যালয় / ৬.০০ কিঃ মিঃ (প্রায়)<br>দক্ষিণ / শহিদ ফজলুল হক পৌর উচ্চ বিদ্যালয় / ২.৫০ কিঃ মিঃ (প্রায়)<br>পূর্ব / মওলানা কছিমুদ্দিন স্মৃতি উচ্চ বিদ্যালয় / ৬.০০ কিঃ মিঃ (প্রায়)<br>পশ্চিম / শহিদ এম মনসুর আলী উচ্চ বিদ্যালয় / ২.০০ কিঃ মিঃ (প্রায়) | শর্ত পূরণকৃত (দূরত্ব সনদ সংযুক্ত) |
| ৩. | প্রস্তাবিত উপজেলার মোট জনসংখ্যা | | পাবনা সদর উপজেলার মোট জনসংখ্যা- ৫,৯০,৯১৪ জন।<br>(২০১১ সালের আমশুমারী অনুযায়ী) | উপজেলা পরিসংখ্যান অফিসার-এর প্রত্যয়ন সংযুক্ত |
| ৪. | প্রস্তাবিত উপজেলায় বিদ্যমান বিদ্যালয়ের সংখ্যা | | **পাবনা সদর উপজেলায় বিদ্যমান বিদ্যালয়ের সংখ্যা ৬৮ টি। তন্মধ্যে-**<br>১। সহশিক্ষা বিদ্যালয়ের সংখ্যা - ৫০ টি<br>২। মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সংখ্যা - ১৪ টি<br>৩। নিম্ন মাধ্যমিক/সহশিক্ষা বিদ্যালয়ের সংখ্যা - ০৪ টি<br>সর্বমোট - ৬৮ টি | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার প্রদত্ত তালিকা সংযুক্ত |
| ৫. | প্রস্তাবিত বিদ্যালয়ের চতুর্দিকে নিকটবর্তী এলাকায় বিদ্যমান মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা | | ০২ টি<br>১। শহিদ এম মনসুর আলী উচ্চ বিদ্যালয়, পাবনা সদর, পাবনা<br>২। শহিদ ফজলুল হক (পৌর) উচ্চ বিদ্যালয়, পাবনা সদর, পাবনা | শর্ত পূরণকৃত |

এই পরিদর্শন প্রতিবেদনটি রাজশাহী শিক্ষা বোর্ডের www.rajshahieducationboard.gov.bd ওয়েব সাইটে দেয়া হয়েছে।

অপর পাতায় ............

| | | | | |
|---|---|---|---|---|
| ৬. | জনসংখ্যা অনুযায়ী নতুন বিদ্যালয়ের প্রাপ্যতা রয়েছে কিনা ? | | উপজেলার মোট জনসংখ্যা অনুপাতে মাধ্যমিক বিদ্যালয়ের প্রাপ্যতা না থাকলেও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রাপ্যতা আছে। | শর্ত পূরণকৃত |
| ৭. | সম্ভাব্য জমির পরিমাণ (শতাংশে) | | ১৪.৯১ শতক | শর্ত পূরণকৃত |
| ৮. | জমি প্রাপ্তির উৎস | | জনাব আব্দুর রব (বগা মিয়া) এর পরিবারের পক্ষ থেকে এই জমি বিদ্যালয়ের নামে দান করা হবে। | শর্ত পূরণকৃত |
| ৯. | উদ্যোক্তার পরিচয় ও সমাজ সেবায় অবদান | | জনাব মুশতাক আহমেদ। জনাব আব্দুর রব এর পুত্র। তিনি শিল্প-সংস্কৃতি ও সমাজসেবামূলক সংগঠনের সাথে জড়িত। তিনি পাবনা ডায়াবেটিক সমিতির আজীবন সদস্য। CRP সভার এর জমি দাতা ও ট্রাস্ট বোর্ডের সদস্য। পাবনা CRP এর প্রতিষ্ঠাতা। | শর্ত পূরণকৃত |
| ১০. | প্রস্তাবিত এলাকায় বিদ্যালয় স্থাপনের যৌক্তিকতা | | প্রস্তাবিত বিদ্যালয়টি পাবনা পৌরসভার ৮নং ওয়ার্ডে অবস্থিত। এই ওয়ার্ডে কোন বিদ্যালয় নেই। বিধায় ঐ এলাকার দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর সন্তানদের মধ্যে শিক্ষার আলো পৌঁছে দেয়ার লক্ষ্যে বিদ্যালয় স্থাপনের যৌক্তিকতা রয়েছে। | শর্ত পূরণকৃত |
| ১১. | বিদ্যালয় স্থাপন ও পরিচালনার ক্ষেত্রে প্রয়োজনীয় অর্থের সংস্থান | | বিদ্যালয়ের উদ্যোক্তা জনাব মুশতাক আহমেদ এবং আব্দুর রব সাহেবের পরিবারের সদস্যবৃন্দ বিদ্যালয় স্থাপন ও পরিচালনার জন্য প্রয়োজনীয় অর্থ সরবরাহ করবেন বলে অঙ্গীকার প্রদান করেছেন। | শর্ত পূরণকৃত |

১২. পরিদর্শনকারী কর্মকর্তার সুস্পষ্ট মতামত/সুপারিশ :

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০৫৩.১৭.৪২১ তারিখ ঃ ১০/১২/২০২০ খ্রিঃ মোতাবেক চেয়ারম্যান মহোদয়ের ২৮/১২/২০২০ খ্রিঃ তারিখের আদেশে পাবনা জেলার সদর উপজেলাধীন **"আব্দুর রব (বগা মিয়া) স্কুল এন্ড কলেজ"** নামে একটি নতুন বিদ্যালয় স্থাপনের যৌক্তিকতা যাচাই এর লক্ষ্যে ০৯/০১/২০২১ খ্রিঃ তারিখে সরেজমিন প্রতিষ্ঠানটি পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে দেখা যায় বিদ্যালয়টি স্থাপনের জন্য পাবনা পৌর এলাকার ৮নং ওয়ার্ডে ১৪.৯১ শতক জমি ক্রয় করা হয়েছে। স্থাপনের অনুমতি পেলে সেখানে ভৌত অবকাঠামো নির্মাণের কাজ শুরু করা হবে। পৌর এলাকায় অবস্থিত প্রতিষ্ঠানটির যোগাযোগ ব্যবস্থা ও ভৌগলিক অবস্থান ভাল। পরিদর্শনকালে এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ প্রতিষ্ঠানটি স্থাপনের বিষয়ে বিশেষ আগ্রহ প্রকাশ করেন।

উল্লেখ্য, জাতির জনক বঙ্গবন্ধুর ঘনিষ্ঠ সহচর এবং ১৯৭০ সালের প্রাদেশিক পরিষদ নির্বাচনে পাবনা থেকে নির্বাচিত পাবনার কৃতিসন্তান জনাব আব্দুর রব, যিনি বগা মিয়া নামে সমধিক পরিচিত তাঁর স্মৃতি রক্ষার্থে তাঁর পরিবারের সদস্যবৃন্দ নিজস্ব অর্থায়নে তাঁর নামে এই বিদ্যালয় স্থাপনের উদ্যোগ গ্রহণ করেছেন। পাবনা পৌরসভার ৮নং ওয়ার্ডে মূলতঃ শ্রমজীবী মানুষের বসবাস। তাদের সন্তানদের পড়ালেখার জন্য নিকটবর্তী কোন বিদ্যালয় নেই। সেকারণে প্রস্তাবিত বিদ্যালয়টি স্থাপনের যৌক্তিকতা আছে বলে প্রতীয়মান হচ্ছে।

এমতাবস্থায়, ছকে প্রদত্ত তথ্যের আলোকে **"আব্দুর রব (বগা মিয়া) স্কুল এন্ড কলেজ"** স্থাপনের অনুমতি প্রদানের লক্ষ্যে পরিদর্শন প্রতিবেদন শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন ও পরবর্তী নির্দেশনার জন্য প্রেরণ করা হ'ল।

২৬/০১/২০২১

(প্রফেসর দেবাশীষ রঞ্জন রায়)
আই ডি নং- ৮৬০১
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

এই পরিদর্শন প্রতিবেদনটি রাজশাহী শিক্ষা বোর্ডের www.rajshahieducationboard.gov.bd ওয়েব সাইটে দেয়া হয়েছে।

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

**www.rajshahieducationboard.gov.bd**

স্মারক নম্বর ৯/এস/৩২৫৯ তারিখ ০২/০২/২০২১

প্রেরক ঃ চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক ঃ সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

দৃষ্টি আকর্ষণ ঃ উপসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয় ঃ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদানের লক্ষ্যে চাহিদা মোতাবেক পরিদর্শন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র ঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০৬.১৭(অংশ).১০৪ তারিখঃ ১৮/০২/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নওগাঁ জেলার ধামইরহাট উপজেলাধীন "পূর্ব তাহেরপুর নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়"-এর মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদানের যথার্থতা যাচাইয়ের লক্ষ্যে রাজশাহী শিক্ষা বোর্ডের উপ-বিদ্যালয় পরিদর্শক সরেজমিন বিদ্যালয়টি পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদনে উপস্থাপিত ছক মোতাবেক বিভিন্ন তথ্যাদির আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত তা অগ্রায়ন করা হলো।

2.2.21

(প্রফেসর ড. মোহা. মোকবুল হোসেন)
আই ডি নং- ৪৩৫৪
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী
ফোন ঃ ০৭২১-৭৭৬২৭০ (পি.এস)

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

## মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি

### পরিদর্শন প্রতিবেদন

১। প্রতিষ্ঠানের **EIIN** ঃ ১২৩১৬৯

২। প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ পূর্ব তাহেরপুর নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়
ডাকঘর- ইসবপুর, উপজেলা- ধামইরহাট, জেলা- নওগাঁ।

৩। ৮ম শ্রেণির প্রাথমিক পাঠদান অনুমতির তারিখ ঃ ০১/০১/২০০০ খ্রি:

৪। ৮ম শ্রেণির একাডেমিক স্বীকৃতির তারিখ ঃ ০১/০১/২০০৪ খ্রি:

৫। ৯ম শ্রেণির পাঠদান অনুমতির তারিখ ঃ আবেদন করা হচ্ছে

৬। চেয়ারম্যান মহোদয়ের আদেশের তারিখ ঃ ১০/০৩/২০২০ খ্রি:

৭। বর্তমান পরিদর্শনের তারিখ ঃ ১৪/০৩/২০২০ খ্রি:

৮। পরিদর্শনের উদ্দেশ্য ঃ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদানের যথার্থতা যাচাই।

| ক্রমিক নং | পূরণীয় শর্ত | বর্তমান অবস্থা | মন্তব্য শর্তপূরণকৃত/অপূরণকৃত |
|---|---|---|---|
| ৯। | প্রতিষ্ঠান হইতে প্রতিষ্ঠানের দূরত্ব<br>মাধ্যমিক পৌরঃ ১ কিঃ মিঃ<br>মফস্বল- ৪ কিঃ মিঃ | উত্তরে ঃ কাজীপাড়া উচ্চ বিদ্যালয়- ০৬ কিঃ মিঃ<br>দক্ষিণে ঃ পোড়ানগর উচ্চ বিদ্যালয়- ০৬ কিঃ মিঃ<br>পূর্বে ঃ ইসবপুর উচ্চ বিদ্যালয়- ১০ কিঃ মিঃ<br>পশ্চিমে ঃ ভাতকুন্ডু উচ্চ বিদ্যালয়- ০৬ কিঃ মিঃ<br>উপজেলা নির্বাহী অফিসারের সনদ মূলে,<br>তারিখ- ১৬/০৩/২০২০ ইং | শর্ত পূরণকৃত |
| ১০। | প্রতিষ্ঠান এলাকার জনসংখ্যা<br>মাধ্যমিক নূন্যতম- ১০,০০০ হাজার | ২০১১ সালের আদমশুমারী অনুযায়ী ধামইরহাট উপজেলার জনসংখ্যা- ১,৮৪,৭৭৮ জন। ধামইরহাট উপজেলায় মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা- ২৪ টি, জনসংখ্যার ভিত্তিতে প্রাপ্যতা- ১৮ টি, অতিরিক্ত- ০৬ টি। | শর্ত অপূরণকৃত |
| ১১। | নূন্যতম শিক্ষার্থীর সংখ্যা<br>মাধ্যমিক- ১৫০ জন | ৬ষ্ঠ শ্রেণি- ৯০ জন - উপস্থিত - ৮৫ জন<br>৭ম শ্রেণি- ৮৫ জন - উপস্থিত - ৬৫ জন<br>৮ম শ্রেণি- ৫০ জন - উপস্থিত - ৪৬ জন<br>৯ম শ্রেণি- ৪০ জন - উপস্থিত - ৩৮ জন<br>১০ম শ্রেণি- ৪৫ জন - উপস্থিত - ৪২ জন<br>সর্বমোট - ৩১০ জন - উপস্থিত - ২৭১ জন | শর্ত পূরণকৃত |
| ১২। | নিজস্ব জমির পরিমাণ<br>মাধ্যমিক- মেট্রো এলাকা- ০২৫ শতক<br>পৌর এলাকা- ০৫০ শতক<br>মফস্বল এলাকায়- ০৭৫ শতক | মোট জমির পরিমাণ- ০.৮৫ শতক।<br>হাল নাগাদ খাজনা পরিশোধ আছে। | শর্ত অপূরণকৃত |
| ১৩। | বিদ্যালয় ভবন/নিজস্ব ঘর<br>ছাত্র/ছাত্রী প্রতি- ১ বঃ মিঃ<br>পাকা/আধাপাকা/টিনসেড ভবন | বিদ্যালয় ভবনের বিবরণ :<br>আধাপাকা ভবন- ০৩ টি<br>মোট কক্ষ সংখ্যা- ১৩ টি | শর্ত পূরণকৃত |
| ১৪। | শিক্ষক কর্মচারীর সংখ্যা-<br>অনুমোদিত ষ্টাফিং প্যাটার্ণ অনুযায়ী যোগ্যতা সম্পন্ন | শিক্ষক/শিক্ষকা = ০৭ জন<br>কর্মচারী = ০৩ জন<br>মোট = ১০ জন | শর্ত পূরণকৃত |

এই পরিদর্শন প্রতিবেদনটি রাজশাহী শিক্ষা বোর্ডের **www.rajshahieducationboard.gov.bd** ওয়েব সাইটে দেয়া হয়েছে।

অপর পাতায় ...........

| | | | |
|---|---|---|---|
| ১৬। | লাইব্রেরী<br>মাধ্যমিক নূন্যতম- ২০০০ বই<br>বিজ্ঞানাগার | পৃথক লাইব্রেরী নাই, বই সংখ্যা- ২৫০০ খানা।<br>পৃথক বিজ্ঞানাগার নাই, তবে যন্ত্রপাতি প্রয়োজনমত আছে। | শর্ত আংশিক পূরণকৃত |
| ১৭। | তহবিল- নূন্যতম<br>মাধ্যমিক- সংরক্ষিত- ৫০,০০০/-<br>সাধারণ- ৩০,০০০/- | ১। সংরক্ষিত তহবিল ঃ ৫০,০০০/-<br>সোনালী ব্যাংক লিঃ, মঙ্গলবাড়ী ধামইরহাট শাখা, নওগাঁ, এফ.ডি.আর নং- ১২৫৩২৪৩<br>২। সাধারণ তহবিল ঃ ৩০,০০০/-<br>জনতা ব্যাংক লিঃ, মঙ্গলবাড়ী শাখা, ধামইরহাট, নওগাঁ, এস.বি নং- ৩০৬ | শর্ত পূরণকৃত |
| ১৮। | ব্যক্তিনামে নামকরণ<br>নিম্ন মাধ্যমিক- ৬,০০,০০০/- টাকা<br>মাধ্যমিক- ১০,০০,০০০/- টাকা | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় |
| ১৯। | পাঠক্রম<br>জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড অনুমোদিত এবং সরকারী নির্দেশ অনুযায়ী নির্ধারিত পাঠক্রম অনুসরণ করতে হবে। | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড অনুমোদিত এবং সরকারী নির্দেশ অনুযায়ী নির্ধারিত পাঠক্রম অনুসরণ করা হয়। | শর্ত পূরণকৃত |
| ২০। | সহ পাঠ্যক্রমিক কার্যক্রম<br>বার্ষিক ক্রীড়া, খেলাধুলা, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক অনুষ্ঠান, বৃক্ষরোপন, স্কাউট/গার্লস গাইড। | বার্ষিক ক্রীড়া, খেলাধুলা, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। | শর্ত পূরণকৃত |
| ২১। | শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা | উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল কর্তৃক অনুমোদিত ম্যানেজিং কমিটি আছে। | শর্ত পূরণকৃত |

২২। বিগত ০৩ (তিন) বৎসরের জে.এস.সি পরীক্ষায় অংশগ্রহণ ও ফলাফল ঃ

২০১৭ সালে জে.এস.সি পরীক্ষায় ৩১ জন অংশ গ্রহণ করে ২৯ জন পাশ করেছে, পাশের হার- ৯৫.৪৫%।
২০১৮ সালে জে.এস.সি পরীক্ষায় ৩৩ জন অংশ গ্রহণ করে ৩১ জন পাশ করেছে, পাশের হার- ৯৪.১২%।
২০১৯ সালে জে.এস.সি পরীক্ষায় ৩৫ জন অংশ গ্রহণ করে ৩৩ জন পাশ করেছে, পাশের হার- ৯৫.২৪%।

২৩। বিগত ০৩ (তিন) বৎসরের এস.এস.সি পরীক্ষায় অংশগ্রহণ ও ফলাফল ঃ

মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি না থাকায় এই বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা পাঠদানের অনুমতিপ্রাপ্ত অন্য বিদ্যালয় হতে রেজিঃ করে এস.এস.সি পরীক্ষায় অংশ নিচ্ছে।

মন্তব্য ঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০৬.১৭(অংশ).১০৪ তারিখঃ ১৮/০২/২০২০ খ্রিঃ তারিখ মোতাবেক চেয়ারম্যান মহোদয়ের ১০/০৩/২০২০ খ্রিঃ তারিখের আদেশে নওগাঁ জেলার ধামইরহাট উপজেলাধীন "পূর্ব তাহেরপুর নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়" মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদানের লক্ষ্যে গত ১৪/০৩/২০২০ ইং তারিখ সরেজমিন প্রতিষ্ঠানটি পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় দেখা যায় প্রতিষ্ঠানটির ভৌত অবকাঠামো, শিক্ষক/শিক্ষিকা ও শিক্ষার্থীর উপস্থিতি সন্তোষজনক। মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি না থাকায় উক্ত বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা পার্শ্ববর্তী বিদ্যালয় থেকে এস.এস.সি পরীক্ষায় অংশ নেয়। বিদ্যালয়টির মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান করা হলে ঐ এলাকার দরিদ্র আদিবাসীর সন্তানেরা উক্ত বিদ্যালয় থেকে এস.এস.সি পরীক্ষায় অংশ নিতে পারবে। প্রতিষ্ঠানটি মফস্বল এলাকায় অবস্থিত। এলাকার আদিবাসী জনগোষ্ঠীর দরিদ্র কর্মজীবির সন্তানরা এখানে লেখাপড়া করছে এবং শিক্ষার পরিবেশ ভাল। সংশ্লিষ্ট এলাকার দরিদ্র শিক্ষার্থীদের শিক্ষার মান উন্নয়নে বিদ্যালয়টি নিরলস প্রচেষ্টা চালিয়ে আসছে। পাঠদানের অনুমতি পেলে অত্র এলাকার দরিদ্র জনগোষ্ঠীর সকল শ্রেণি পেশার নারী শিক্ষার্থীরা উপকৃত হবে এবং শিক্ষার প্রসার ঘটবে। বিদ্যালয়ে সংরক্ষিত ও সাধারণ তহবিলে প্রয়োজনমত টাকা আছে। বিগত ০৩ (তিন) বছরের জে.এস.সি পরীক্ষায় পাশের হার সন্তোষজনক। নারী শিক্ষার হার সম্প্রসারণের লক্ষ্যে বিদ্যালয়ের মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতির প্রয়োজনীয়তা রয়েছে বলে প্রতীয়মান হয়।

এমতাবস্থায়, ছকে প্রদত্ত তথ্যের আলোকে উল্লিখিত বিদ্যালয়টির মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদানের লক্ষ্যে পরিদর্শন প্রতিবেদন পরবর্তী নির্দেশনার জন্য প্রেরিত হলো।

(মোঃ মুঞ্জুর রহমান খান)
উপ-বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
রাজশাহী।

এই পরিদর্শন প্রতিবেদনটি রাজশাহী শিক্ষা বোর্ডের www.rajshahieducationboard.gov.bd ওয়েব সাইটে দেয়া হয়েছে।